



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
রাজস্ব (এসএ) শাখা
www.netrokona.gov.bd

নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৩- ৫৭৫

তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২৩।

গণ বিজ্ঞপ্তি

বিষয় : নেত্রকোণা জেলার বালুমহালগুলো ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র মেয়াদে ইজারা প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার ০৭টি বালুমহাল ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ০২.০২.২০২৩ তারিখের ৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৩৯.২৩-৩১৫ নং স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ১ম পর্যায়ে ২০.০২.২০২৩ তারিখে (ক) বিজয়পুর ও ভবানিপুর হতে শ্মশানঘাট পর্যন্ত ০১ নম্বর বালুমহালের বিপরীতে ০৩টি দরপত্র এবং (খ) ঝাঞ্জাইল হতে উত্তর শংকরপুর পর্যন্ত ০৫ নম্বর বালুমহালের বিপরীতে ০১টি দরপত্র দাখিল করা হয়। অবশিষ্ট ০৫টি বালুমহালের বিপরীতে কোনো দরপত্র দাখিল হয়নি।

০২। ২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উক্ত ২টি বালুমহালের বিপরীতে ১৪৩০ বঙ্গাব্দের ইজারাদার নির্বাচনপূর্বক অবশিষ্ট ০৫টি বালুমহাল ২য় পর্যায়ে দরপত্র বিক্রয় এবং গ্রহণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২য় পর্যায়ে আগামী ০১.০৩.২০২৩ তারিখ পর্যন্ত (১) দুর্গাপুর শ্মশান ঘাট হতে চৈতাটা পর্যন্ত ২ নম্বর বালুমহাল (২) দুর্গাপুর বিরিশিরি ঘাট হতে কেমনখলা পর্যন্ত ৩ নম্বর বালুমহাল (৩) গাঁওকান্দিয়া মৌজার উত্তর সীমানা হতে দক্ষিণ প্রান্ত পর্যন্ত ৪ নম্বর বালুমহাল (৪) ওমরগাঁও, হাসানোয়াগাঁও এবং বিশাউতি পর্যন্ত ৬ নম্বর বালুমহাল এবং (৫) গোমাই নদী বালুমহালের বিপরীতে দরপত্র ফরম ক্রয় এবং ০২.০৩.২০২৩ তারিখে দরপত্র দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(অঞ্জনা খান মজলিশ)

জেলা প্রশাসক

নেত্রকোণা

ফোনঃ ০২৯৯৬৬৫১৬৩৪

E-mail:dcnetrokona@mopa.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর/দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা।
৪. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর/দুর্গাপুর/কলমাকান্দা, নেত্রকোণা।
৫. (সংশ্লিষ্ট সকল)।
৬. অফিস কপি।